**সোনালী ব্যাংক পিএলসি.**

নবাবগঞ্জ শাখা, দিনাজপুর

মোবাইল: 01755584819

## "বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি"

অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, নবাবগঞ্জ শাখা, দিনাজপুর এর খেলাপী ঋণগ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স নাসির ট্রেডিং, প্রোঃ মোঃ নাসির উদ্দিন, পিতাঃ মোঃ আব্দুল রউফ, ব্যবসায়ীক ঠিকানাঃ রামপুর বাজার, পোষ্টঃ নবাবগঞ্জ, থানা- নবাবগঞ্জ, জেলা- দিনাজপুর এর নিকট ১৮/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদসহ ১৮,৭০,৪৩৯/- (আঠারো লক্ষ সত্তর হাজার চারশত উনচল্লিশ মাত্র) টাকা ও অন্যান্য খরচ এবং আদায় কালতক সুদ আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নতফসিলভুক্ত স্থাবর সম্পত্তি ও উহার উপর নির্মিত যাবতীয় অবকাঠামো অর্থ ঋণ আদালত আইন-২০০৩ (সংশোধন-২০১০) এর ১২ ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছেঃ

### বন্ধকীকৃত সম্পত্তির তফশীল

| মৌজা, থানা ও জেলা | জেএল নং | খতিয়ান নং | | | | দাগ নং | | জমির পরিমান | প্রকৃতি | মালিকানা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সি.এস | এসএ | ডি.পি | খারিজ | সিএস | আর.এস(ডিপি) | | | |
| রামপুর, নবাবগঞ্জ, দিনাজপুর | ৭১ | ৪৫ | ৫৬ | ৩৩ | ৬৫৮ | ১১৭ | ৭০৬ | ০.০৬০০ একর | ডাঙ্গা | মোঃ নাসির উদ্দিন |

কথায়ঃ শুন্য দশমিক শুন্য ছয় শুন্য শুন্য একর সম্পত্তি ও তদস্থ নির্মিত/নির্মিতব্য নির্মাণাদি।

০৫/০৮ চৌহদ্দি: উত্তর: আক্তারুল, দক্ষিণ: মোজাম্মেল পূর্ব: আতাউর, পশ্চিম: রাস্তা

**শর্তসমূহ ঃ**

০১) আগামী ০৫/০৮/২০২৬ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, দিনাজপুর সদর, দিনাজপুর কার্যালয়ে রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হইবে এবং ঐদিনই বিকাল ৪.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমুদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) প্রত্যেক দরপত্র দাতা উদ্বৃত দরের পরিমান সর্বোচ্চ ১০,০০,০০০/- টাকা পর্যন্ত হইলে দরপত্রের ২০%, উদ্বৃত দরের পরিমান ১০,০০,০০০/- টাকার উর্দ্ধে এবং ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত হলে ১৫% এবং উদ্বৃত দরের পরিমান ৫০,০০,০০০/- টাকার অধিকহলে দরপত্রের ১০% এর সমপরিমান টাকা জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে **"সোনালী ব্যাংক পিএলসি, নবাবগঞ্জ শাখা, দিনাজপুর"** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

০৪) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভুক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৫) অনুর্দ্ধ ১০,০০,০০০/- টাকার দরপত্র গৃহীত হইলে সর্বোচ্চ দরদাতাকে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/- টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/-টাকা পর্যন্ত উদ্বৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/-টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে অবশিষ্ট সমুদয় অর্থ পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় ব্যংক কর্তৃপক্ষ তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

০৬) উপরোক্ত ৫ নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্বৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পরবর্তী ১০ (দশ) দিবসের মধ্যে মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবিকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৭) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভুক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

০৮) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিষ্ট্রেশন খরচসহ ষ্ট্যাম্প ডিউটি ও অন্যান্য খরচ এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

০৯) তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানের যে কোন করসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব সোনালী ব্যাংক পিএলসি এর উপর বর্তাইবে না, প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর ও উৎসকর দরদাতাকে বহন করিতে হইবে।

১০) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল, স্থগিতকিংবা নিলাম কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

সোনালী ব্যাংক পিএলসি এর পক্ষে

ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি,
নবাবগঞ্জ শাখা, দিনাজপুর।